বাংলাদেশ কৃষি ব্যাংক

স্থানীয় মুখ্য কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

দূরালাপনিঃ ০২-৯৫৫২৯৯৬, ০২-৯৫৮৮৫৩৯

e-mail:dgmlpo@krishibank.org.bd

মুজিববর্ষের প্রতিশ্রুতি আর্থিক খাতের অগ্রগতি

সূত্র নং-বিকেবি/এলপিও/হিঃ-৩৯/২০২০-২০২১/২৫৯২ তারিখ ঃ ০৮.০৩.২০২১ খ্রিস্টাব্দ

অতীব জরুরী

০১। সকল উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখা

০২। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক

০৩। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক ।

বিষয়ঃ **বাংলাদেশ বিমান বাহিনীর পেনশনারগণের পেনশন ইএফটি (EFT)এর মাধ্যমে প্রদানের সরকারী সিদ্ধান্ত বাস্তবায়ন এবং দীর্ঘদিন পেনশন গ্রহন না করা পেনশনারগণের নামীয় তালিকা প্রেরণ প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সিনিয়র অর্থ নিয়ন্ত্রক (বিমান বাহিনী) এর কার্যালয়, ডিফেন্স ফাইন্যান্স ডিপার্টমেন্ট(ডিএফডি), ঢাকা সেনানিবাস, ঢাকা এর পত্র নং- এসএফসি(এয়ার)/পেন/সাঃযোঃ/১৩-৩/০৮(ক), তারিখ ০২.০৩.২০২১ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো (কপি সংযুক্ত)।

০২। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সিনিয়র অর্থ নিয়ন্ত্রক (বিমান বাহিনী) এর কার্যালয়, ডিফেন্স ফাইন্যান্স ডিপার্টমেন্ট(ডিএফডি), ঢাকা সেনানিবাস, ঢাকা এর উল্লিখিত পত্রের নির্দেশনা মোতাবেক বাংলাদেশ বিমান বাহিনীর যে সকল পেনশনারগণ ব্যাংক হতে দীর্ঘদিন পেনশন গ্রহন করেননা এবং ইএফটির আওতায় আসেনি বা যাদের তথ্য এখনও বিমান বাহিনীর কার্যালয়ে প্রেরণ করা হয়নি তাদের নামীয় তালিকা নিম্নোক্ত ছক মোতাবেক জরুরী ভিত্তিতে পত্র প্রাপ্তির ০৫(পাঁচ) টি কার্যদিবসের মধ্যে আপনাদের অধিক্ষেত্রাধীন শাখাসমূহ থেকে শাখা ভিত্তিক তথ্য সংগ্রহ পূর্বক একটি সমন্বিত প্রতিবেদন (কর্পোরেট শাখা সরাসরি) বিমান বাহিনীর সংশ্লিষ্ট কার্যালয়ে **সিনিয়র অর্থ নিয়ন্ত্রক (বিমান বাহিনী) এর কার্যালয়, ডিফেন্স ফাইন্যান্স ডিপার্টমেন্ট(ডিএফডি), ঢাকা সেনানিবাস, ঢাকা** সরাসরি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো :

ক্রমঃ	নাম, পদবী ও ব্যক্তিগত নম্বর	টিএস নং ও জেলার নাম	ব্যাংক ও শাখার নাম	মোট পেনশনার	EFT কার্যক্রম সম্পন্ন হয়নি (সংখ্যা)	যে মাস পর্যন্ত পেনশন গ্রহণ করেছেন (সর্বশেষ)	দীর্ঘদিন পেনশন গ্রহন না করার কারণ
০১	০২	০৩	০৪	০৫	০৬	০৭	০৮

০৩। উল্লেখ্য/অত্যন্ত দুঃখজনক যে, অত্র কার্যালয়ের পত্র নং- বিকেবি/এলপিও/হিসাব-৩৯/২০২০-২০২১/১১৪৯, তারিখ ৩০.০৯.২০২০ খ্রিঃ (বিকেবি নোটিশ/সার্কুলার নম্বর: ১৭৫১২, তারিখ: ৩০.০৯.২০২০) এর মাধ্যমে আপনাদের অধিক্ষেত্রাধীন সংশ্লিষ্ট শাখা থেকে বিমান বাহিনীর পেনশনারদের পেনশন ইএফটি (EFT) এর মাধ্যমে প্রদানের জন্য নিম্নোক্ত প্রয়োজনীয় তথ্যাদি/কাগজপত্রাদি সংগ্রহপূর্বক বিমান বাহিনীর সংশ্লিষ্ট কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা সত্ত্বেও বেশিরভাগ শাখার তথ্যসমূহ অদ্যাবধি প্রেরণ করা হয়নি। **যে সকল শাখা বিমান বাহিনীর পেনশনারগণের নিম্নবর্ণিত তথ্যসমূহ অদ্যাবধি প্রেরণ করেনি সে সকল শাখাকে সরাসরি বিমান বাহিনীর সংশ্লিষ্ট কার্যালয়ে সিনিয়র অর্থ নিয়ন্ত্রক (বিমান) এর কার্যালয়, ডিফেন্স ফাইন্যান্স ডিপার্টমেন্ট(ডিএফডি), ঢাকা সেনানিবাস, ঢাকা প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো:**

০১) পেনশনার কর্তৃক পুরণকৃত তথ্য ফরম।

০২) সর্বশেষ পেনশন প্রদান সংক্রান্ত প্রত্যয়ন।

০৩) মূল পিপিও **(যদি কোন পেনশনারের মুল পিপিও শাখায় বা পেনশনারের নিকট সংরক্ষিত না থাকে তাহলে পেনশনার কর্তৃক থানায় সাধারন ডায়েরী (জিডি) করতঃ সাধারন ডায়েরীর (জিডি) কপি পিপিও এর ফটোকপিসহ সংশ্লিষ্ট কাগজপত্রাদির সাথে প্রেরণ করতে হবে)।**

০৪) MICR চেক বই এর খালি পাতার ফটোকপি।

০৫) পেনশনার এবং নমিনীর জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।

আপনার বিশ্বস্ত,

০৮/০৩/২০২১

(মোহাম্মদ মাইনুল ইসলাম খান)
উপ-মহাব্যবস্থাপক

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি:

১. উপ-অর্থ নিয়ন্ত্রক, সিনিয়র অর্থ নিয়ন্ত্রক (বিমান বাহিনী) এর কার্যালয়, ডিফেন্স ফাইন্যান্স ডিপার্টমেন্ট, ঢাকা সেনানিবাস, ঢাকা।
২. উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেম্স, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। তাঁকে উপরোক্ত পত্রটি বিকেবি'র ওয়েব-সাইটে আপলোড করার ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।
৩. উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রন ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র অর্থ নিয়ন্ত্রক (বিমান বাহিনী) এর কার্যালয়
ডিফেন্স ফাইন্যান্স ডিপার্টমেন্ট (ডিএফডি)
ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬।
www.sfcair@cgdf.gov.bd

নং-এসএফসি(এয়ার)/পেন/ সাঃ যোঃ/১৩-৩/০৮(ক) তারিখঃ ০২/০৩/২০২১ খ্রিঃ।

জনাব Shawn (S.P.O.) আলাপ করুন/ব্যবস্থা নিন

বরাবর
উপ মহাব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক
স্থানীয় মূখ্য কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

বিষয়ঃ ব্যাংক থেকে দীর্ঘদিন পেনশন গ্রহন করেন না এমন পেনশনারগণের নামীয় তালিকা প্রেরণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, বর্তমানে অর্থমন্ত্রনালয়ের সিদ্ধান্ত মোতাবেক মার্চ,২০২১ ইং এর মধ্যে সকল পেনশনারদের মাসিক পেনশন ইএফটি করণের নির্দেশনা প্রদান করা হয়েছে। বাংলাদেশ বিমান বাহিনীর প্রায় সকল পেনশনারদের মাসিক পেনশন ইএফটির আওতায় আনা হয়েছে। বর্তমানে ব্যাংক থেকে পেনশন গ্রহন করার কোনো সুযোগ নেই। কিন্তু কিছু সংখ্যক পেনশনার এখনও ইএফটির আওতায় আসেনি। যে সকল পেনশনারগণ ব্যাংক হতে দীর্ঘদিন পেনশন গ্রহন করেন না এবং ইএফটির আওতায় আসেনি বা যাদের তথ্য এখনও এ কার্যালয়ে প্রেরণ করা হয়নি তাদের নামীয় তালিকা নিম্নোক্ত ছক মোতাবেক জরুরি ভিত্তিতে এ কার্যালয়ে সরাসরি প্রেরণের জন্য আপনার অধিনস্থ সকল শাখাকে নির্দেশনা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

ক্রঃনং	নাম ও পদবী	টিএস নম্বর	যে ব্যাংক হতে পেনশন গ্রহন করেন তার নাম	যে মাস পর্যন্ত পেনশন গ্রহন করেছেন (সর্বশেষ)	দীর্ঘদিন পেনশন গ্রহন না করার কারন
১	২	৩	৪	৫	৬

এসএফসি (এয়ার) মহোদয়ের অনুমোদনক্রমে।

২/৩/২১
(আবুল কালাম আজাদ)
উপ-অর্থ নিয়ন্ত্রক
ফোন: ৯৮৮৩০১